# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ২২/২০১৮-১৯**

**ঢাকা, সোমবার, ৩০ জুলাই ২০১৮, ১৫ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বরিশাল, রাজশাহী ও সিলেট সিটি করপোরেশন নির্বাচন আজ

২। একনেকে ৯ প্রকল্প অনুমোদন : মাস্টারপ্ল্যানের আওতায় আসছে উপজেলা শহর

৩। মানবিক গুণ জাগ্রত করে শিশুদের সুনাগরিক হিসেবে গড়তে হবে
স্কাউটস্ ও গার্ল গাইডস ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। বাংলাদেশ ক্রিকেটদলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

৫। খুলনা-৪ আসনের সাংসদ মোস্তফা রশিদী সুজার স্মৃতির প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

৬। তরুণরাই মানবিক বিশ্ব উপহার দিতে পারে : আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অনুষ্ঠানে স্পিকার

৭। জাস্টিস অডিট সিস্টেম বিচার বিভাগের গতিশীলতা বাড়াবে
ওয়েবসাইট উদ্বোধনকালে প্রধান বিচারপতি

৮। ঝুঁকি বিবেচনায় রেখেই কৃষি প্রযুক্তি উদ্ভাবন করতে হবে : বিএআরসি কর্মশালায় কৃষিমন্ত্রী

৯। মাদকের ছোবল থেকে দেশের যুবসমাজকে রক্ষা করতে হবে : পাবনার সাঁথিয়ায় স্বরাষ্ট্রমন্ত্রী

১০। লিঙ্গবৈষম্য রোধে পুরুষকে এগিয়ে আসতে হবে
ঢাকা বিশ্ববিদ্যালয়ে জেন্ডার ডায়ালগে তথ্যমন্ত্রী

১১। বাঘ রক্ষায় পরিকল্পনা গ্রহণ করেছে সরকার : বাঘ দিবসের অনুষ্ঠানে পরিবেশ উপমন্ত্রী

১২। পাবনার রূপপুরে নদীবন্দর স্থাপনের সীমানা নির্ধারণ করে গেজেট প্রকাশ

১৩। শিশু মৃত্যুহার হ্রাসে বাংলাদেশ ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে : ইউনিসেফের প্রতিবেদন

চলমান পাতা-২

১। **বরিশাল, রাজশাহী ও সিলেট সিটি করপোরেশন নির্বাচন আজ**

আজ (৩০ জুলাই সোমবার) বরিশাল, রাজশাহী ও সিলেট সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে তিন সিটিতে নির্বাচনের সব প্রস্তুতি শেষ হয়েছে। কেন্দ্রে ভোটের সরঞ্জাম পৌঁছে গেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **একনেকে ৯ প্রকল্প অনুমোদন : মাস্টারপ্ল্যানের আওতায় আসছে উপজেলা শহর**

পরিকল্পিত ও টেকসই অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে দেশের ১৮৩টি নন-মিউনিসিপ্যাল উপজেলা শহর মাস্টার প্ল্যানের আওতায় আসছে। সেইসঙ্গে অপরিহার্য অবকাঠামো উন্নয়নের মাধ্যমে জীবনযাত্রার মান বৃদ্ধি ও পরিবেশের উন্নয়নেরও উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে গতকাল (২৯ জুলাই রোববার) শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে ১ হাজার ৩৮০ কোটি টাকা ব্যয়ে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা একনেক সভায় সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (শেষ পৃ.১৯,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

৩। **মানবিক গুণ জাগ্রত করে শিশুদের সুনাগরিক হিসেবে গড়তে হবে**
**স্কাউটস্ ও গার্ল গাইডস উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানবিক গুণাবলি জাগ্রত করে শিশুদের ছোটবেলা থেকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে বাবা-মা ও শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, নতুন প্রজন্মকে দেশের জন্য নিবেদিত হয়ে কাজ করতে হবে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি সমাজসেবায় কাজ করতে হবে। দেশব্যাপী গার্ল গাইডস'র কর্মকাণ্ড আরো জোরদার ও সম্প্রসারণের লক্ষ্যে নারীদের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডস'র শাখা খোলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২৯ জুলাই রোববার) গণভবনে গার্ল গাইডস অ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ স্কাউটস্ এর একটি অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠান থেকে প্রধানমন্ত্রী বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের জাতীয় কার্যালয় বেইলী রোডস্থ ১০তলা ভবন, বাংলাদেশ স্কাউটস'র শতাব্দী ভবনসহ অন্যান্য উন্নয়ন প্রকল্প উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৪। **বাংলাদেশ ক্রিকেটদলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ানডে ক্রিকেট সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেটদলকে অভিনন্দন জানিয়েছেন। গত ২৮ জুলাই শনিবার সেন্ট কিটসে বাংলাদেশ ওয়ানডে সিরিজের তৃতীয় ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ১৮ রানে পরাজিত করে। গতকাল (২৯ জুলাই রোববার) এক বার্তায় প্রধানমন্ত্রী এ জয়ের জন্য দলের সকল খেলোয়াড়, কোচ, জাতীয় দলের কর্মকর্তাদের পাশাপাশি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাদের অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী আশাপ্রকাশ করেন যে, ভবিষ্যতেও বাংলাদেশ দলের জয়ের এ ধারা অব্যাহত থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

৫। **খুলনা-৪ আসনের সাংসদ মোস্তফা রশিদী সুজার স্মৃতির প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুলনা-৪ আসনের আওয়ামী লীগের সংসদসদস্য এসএম মোস্তফা রশিদী সুজার কফিনে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। গতকাল (২৯ জুলাই রোববার) জাতীয় সংসদ ভবনের উত্তর প্লাজায় তাঁর কফিনে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী। মরহুমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধার নিদর্শন হিসেবে প্রধানমন্ত্রী সেখানে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। উল্লেখ্য মোস্তফা রশিদী সুজা গত বৃহস্পতিবার রাতে সিংগাপুরে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ধরে কিডনি রোগে ভুগছিলেন।সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৬। তরুণরাই মানবিক বিশ্ব উপহার দিতে পারে : আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অনুষ্ঠানে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে জাতির পিতার স্বপ্নের শোষণ ও বৈষম্যমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠার জন্য দেশের তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, তরুণরাই ভবিষ্যতের নেতৃত্ব দেবে। তাদেরকেই বিশ্ব মানবতা ও বৈষম্যমুক্ত বিশ্ব প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। বিশ্বকে সুন্দর করতে তথা বিশ্বশান্তি প্রতিষ্ঠার মাধ্যমে তরুণরাই মানবিক বিশ্ব উপহার দিতে পারে। গতকাল (২৯ জুলাই রোববার) আদমজী ক্যান্টনমেন্ট কলেজের নবীনবরণ-২০১৮ (এইচএসসি ১ম বর্ষ) অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় স্পিকার এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১১,ক.১)।

**৭। জাস্টিস অডিট সিস্টেম বিচার বিভাগের গতিশীলতা বাড়াবে**
**ওয়েবসাইট উদ্বোধনকালে প্রধান বিচারপতি**

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বলেছেন, বিচারক সংকটের কারণে দেশের অধস্তন আদালতে মামলার জট ক্রমান্বয়ে বাড়ছে। তিনি বলেন, বিশ্বের অধিকাংশ দেশেই আমাদের তুলনায় অনেক বেশি বিচারক রয়েছেন। বাংলাদেশে ১ হাজার ৬৪৭ জন বিচারকের সামনে ৩৪ লাখ মামলার জট রয়েছে। তিনি আরও বলেন, জাস্টিস অডিট সিস্টেম দেশের বিচার বিভাগের গতিশীলতা আরও বাড়াবে। মামলাজটের পেছনের কারণ চিহ্নিত করতে সহায়তা করবে। গতকাল (২৯ জুলাই রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'ন্যাশনাল জাস্টিস অডিট বাংলাদেশ'-এর ওয়েবসাইট উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আইন মন্ত্রণালয় এবং জার্মান সহযোগিতা সংস্থা জিআইজেড যৌথভাবে এ ওয়েবসাইট নির্মাণ করে। অনুষ্ঠানের শেষভাগে প্রধান বিচারপতি ও আইনমন্ত্রী আনিসুল হক যৌথভাবে ন্যাশনাল জাস্টিস অডিট বাংলাদেশ-এর ওয়েবসাইট উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১৫,ক.৬)।

**৮। ঝুঁকি বিবেচনায় রেখেই কৃষি প্রযুক্তি উদ্ভাবন করতে হবে : বিএআরসি কর্মশালায় কৃষিমন্ত্রী**

আন্তর্জাতিক বিজ্ঞানসম্মত ধারণার আলোকে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি বিবেচনা করে দেশের উত্তর-দক্ষিণাঞ্চলের পানি, মাটির পুষ্টি ব্যবস্থাপনা, শস্য নিবিড়করণ এবং যান্ত্রিকীকরণ প্রযুক্তির উন্নয়ন ঘটাতে হবে। কৃষির যে উন্নয়ন হয়েছে তা ধরে রাখতে হবে। সেইসঙ্গে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি বিবেচনায় রেখেই কৃষি প্রযুক্তিতে উন্নয়ন করতে হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। গতকাল (২৯ জুলাই রোববার) রাজধানীর ফার্মগেটের বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অডিটরিয়ামে 'বংলাদেশের ঝুঁকিপূর্ণ এলাকায় ডাল, তৈলবীজ, ভুট্টা এবং অন্যান্য ফসলের আবাদ বৃদ্ধিকরণ' শীর্ষক দিনব্যাপী কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার মিস জুলিয়া নিবলেট বিশেষ অতিথি হিসেবে উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২), **অবজারভার** ( পৃ.১৭,ক.২)।

**৯। মাদকের ছোবল থেকে দেশের যুবসমাজকে রক্ষা করতে হবে : পাবনার সাঁথিয়ায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশের মানুষ যেভাবে জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে সরকারকে সহায়তা করেছে, ঠিক একইভাবে মাদকের বিরুদ্ধে সহায়তা করবে। জঙ্গি দমনের মতো বর্তমান সরকার মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। এ যুদ্ধে দেশের পুলিশ প্রশাসন বুদ্ধিমত্তা দিয়ে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, মাদকের ভয়াবহ ছোবল থেকে দেশের যুবসমাজকে রক্ষা করতে হবে। মাদক নিয়ন্ত্রণ না করতে পারলে দেশ মেধাশূন্য হয়ে পড়বে। গতকাল (২৯ জুলাই রোববার) পাবনার সাঁথিয়া উপজেলার কাশিনাথপুর ফায়ার সার্ভিসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইনকিলাব** (পৃ.১১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।

**১০। লিঙ্গবৈষম্য রোধে পুরুষকে এগিয়ে আসতে হবে : ঢাকা বিশ্ববিদ্যালয়ে জেন্ডার ডায়ালগে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নারীকে উত্ত্যক্তকারীরা জঙ্গি রাজাকারের মতো। তাদের সঙ্গে সমাজের কোনো সম্পর্ক নেই। মন্ত্রী বলেন, নারী উত্ত্যক্তকারীদের ধ্বংস করতে হবে। সমাজে জঙ্গি, রাজাকার ও বখাটেদের উৎপাত রুখতে সমান্তরাল কর্মসূচির মাধ্যমে আমাদের এগিয়ে যেতে হবে। মন্ত্রী বলেন, লিঙ্গবৈষম্য থেকে বেরিয়ে

আসতে হবে। এ ধারণা সমাজে চালু করতে হলে প্রথমে পুরুষকে এগিয়ে আসতে হবে। গতকাল (২৯ জুলাই রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক সংলাপ অনুষ্ঠানে মন্ত্রী এ মন্তব্য করেন। 'পলিসি ডায়ালগ অন প্রিভেন্টিং জেন্ডার বেজড ভায়োলেন্স ইনভলভিং ইয়ুথ ইন বাংলাদেশ' শীর্ষক এ সংলাপ অনুষ্ঠানের আয়োজন করে সেন্টার ফর ম্যান অ্যান্ড ম্যাসকুলিনিটি স্টাডিজ। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)।

**১১। বাঘ রক্ষায় পরিকল্পনা গ্রহণ করেছে সরকার : বাঘ দিবসের অনুষ্ঠানে পরিবেশ উপমন্ত্রী**

নানা আয়োজনের মধ্য দিয়ে গতকাল (২৯ জুলাই রোববার) দেশে বিশ্ব বাঘ দিবস পালন করা হয়েছে। এর মধ্যে খুলনায় বন অধিদপ্তর আয়োজিত এক আলোচনায় সুন্দরবনে বাঘের সর্বশেষ পরিস্থিতি ও প্রাণীটিকে রক্ষায় সরকারি নানা উদ্যোগ বিষয়ে সবাইকে অবহিত করেন পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব। তিনি বলেন, সুন্দরবন রক্ষা করতে হলে অবশ্যই বাঘ রক্ষা করতে হবে। সরকার বাঘ রক্ষায় বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫)।

**১২। পাবনার রূপপুরে নদীবন্দর স্থাপনের সীমানা নির্ধারণ করে গেজেট প্রকাশ**

পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মালপত্র পরিবহণের জন্য পাবনার রূপপুরে রেলপথ স্থাপনের পর এবার নদীবন্দর স্থাপন করল সরকার। সম্প্রতি নৌপরিবহণ মন্ত্রণালয় নতুন এ বন্দরের সীমানা নির্ধারণ করে গেজেট প্রকাশ করেছে। এ নদীবন্দরের মাধ্যমে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মালপত্র পরিবহণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**১৩। শিশু মৃত্যুহার হ্রাসে বাংলাদেশ ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে : ইউনিসেফের প্রতিবেদন**

শিশু মৃত্যুহার হ্রাসে বাংলাদেশ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। শূন্য থেকে পাঁচ বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার কমিয়ে আনার ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যকে জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ) স্বীকৃতি দিয়েছে। প্রতিষ্ঠানটির বিশ্ব শিশু পরিস্থিতি প্রতিবেদনে বলা হয়েছে, গ্রাম পর্যায়ে স্বাস্থ্য পরিসেবার উন্নয়নের ফলেই এ অর্জন সম্ভব হয়েছে। এমনকি শিশু মৃত্যুহার হ্রাসে ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে বাংলাদেশ। মা ও শিশু মৃত্যুহার হ্রাসে ইতোমধ্যে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জন শেষে আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের টার্গেট নিয়ে কাজ করে যাচ্ছে বাংলাদেশ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, ভোরের কাগজ, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রামপুরা-বাড্ডা-প্রগতি সরণি এলাকায় নর্থ ইউলুপ উদ্বোধনকালে রাজধানীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এবং যানজট নিরসনে সমগ্র ঢাকাকে ঘিরে একটি এলিভেটেড রিং রোড নির্মাণ করার কথা বলায় স্বাগত জানিয়ে তাঁর পরিকল্পনাগুলো দ্রুত বাস্তবায়িত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ, ডেইলি স্টার :** রাজধানীতে ডেঙ্গু জ্বরের প্রকোপ বেড়েছে উল্লেখ করে জনসচেতনতাই এ রোগের বিরুদ্ধে শক্ত প্রতিরোধ গড়ে তুলতে পারে বলে মতপ্রকাশ।

গ. **জনকণ্ঠ :** রাজধানী ও বড় বড় শহরে শিশুর শারীরিক বৃদ্ধি ও মনোজগত ক্রমশ সংকুচিত হয়ে পড়ছে উল্লেখ করে শিশুর শরীরিক ও মানসিক বিকাশ সুনিশ্চিত করতে খেলাধুলাসহ নির্মল বিনোদনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** স্বরাষ্ট্রমন্ত্রী মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার কথা বলেছেন এবং র‌্যাব মহাপরিচালক মাদকবিরোধী বিশেষ আদালত গঠন করার সুপারিশ করেছেন উল্লেখ করে এসব বক্তব্য আমলে নিয়ে মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** হজ ক্যাম্পের ডরমিটরি খোদ হজ ক্যাম্পেরই কর্মকর্তা-কর্মচারীরা দখল করে পরিবার নিয়ে বসবাস

করছে এ অভিযোগের ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।



চ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, সংবাদ :** সুন্দরবনের বাঘ ও অন্যান্য বন্যপ্রাণী বিলুপ্তির হাত থেকে রক্ষা করতে চোরাকারবারিদের প্রতিহতে বনবিভাগের ও প্রশাসনের লোকদের যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** যশোরের ঝিকরগাছায় সরকারিভাবে ফুল গবেষণা কেন্দ্র স্থাপনের উদ্যোগকে স্বাগত জানিয়ে ফুলচাষীদের সহজ শর্তে ব্যাংক লোনসহ প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে ফুল চাষে অনেক লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে বলে অভিমত।

জ. **ডেইলি স্টার :** ভারতের পশ্চিমবঙ্গে আটক দুইশত বাংলাদেশি শিশুকে দ্রুত দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করার সুপারিশ।

ঝ. **অবজারভার :** ৪৮২ হজযাত্রীকে সেবাসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও বাসস্থানের ব্যবস্থা না করে সৌদি আরবে পাঠিয়ে দেওয়ায় ৭ হজ এজেন্সির বিরুদ্ধে সৌদি কর্তৃপক্ষের কারণদর্শানো নোটিশ প্রদানের বিষয় তুলে ধরে ধর্ম মন্ত্রণালয়কে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষার্থীসহ সমাজের বঞ্চিত মানুষদের পাশে দাঁড়ানো শিক্ষকদের নৈতিক দায়িত্ব।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বৃক্ষ তুমি প্রাণসখা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, উপকূলীয় বনভূমি সুরক্ষাসহ উপকূলীয় এলাকায় নতুন বনাঞ্চল সৃষ্টি জোরদার করা হলে তা ঘূর্ণিঝড়, সাইক্লোন, জলোচ্ছ্বাস ও বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ থেকে দেশকে রক্ষা করতে সাহায্য করবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা